

আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
[Fax -8315459, Web:www.cevdsc.gov.bd, Email-cevdhksouth@yahoo.com]

পত্র নং-২(৭)-১-জনপ্রশা:/সদর/১/২০১৬/

তারিখ: ০২/০৫/১৬

অফিস আদেশ

বিষয়: মতিঝিল বিভাগীয় দপ্তরের রাজস্ব আহরণ সংক্রান্ত কাজে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্টগণের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। রাজস্ব গুরুত্ব বিবেচনায় মতিঝিল বিভাগ এ দপ্তরের একটি গুরুত্বপূর্ণ বিভাগ। মতিঝিল বিভাগের রাজস্ব মূলত উৎসে নির্ভর। সম্ভাব্য সকল খাত হতে উৎসে কর্তনকৃত রাজস্ব আদায় না হলে মতিঝিল বিভাগ ও ঢাকা (দক্ষিণ) কমিশনারেট এর রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন দুরূহ। মতিঝিল বিভাগের পূর্ববর্তী বিভাগীয় কর্মকর্তা মির্জা মৌসুমী সরকার ইতিপূর্বে মতিঝিল বিভাগের উৎসে ভ্যাট আহরণের কাজে সাফল্য দেখিয়েছেন। তাঁর পূর্ব কর্ম অভিজ্ঞতা মতিঝিল বিভাগের রাজস্ব আহরণ কাজে বর্তমান বিভাগীয় কর্মকর্তার জন্য সহায়ক হবে।

০৩। এমতাবস্থায়,

(১) মির্জা মৌসুমী সরকার, সহকারী কমিশনার কে লালবাগ বিভাগের বিভাগীয় কর্মকর্তার দায়িত্ব পালনের পাশাপাশি মতিঝিল বিভাগীয় কর্মকর্তার তত্ত্বাবধানে মতিঝিল বিভাগের উৎসে রাজস্বসহ সার্বিক রাজস্ব আহরণ কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বলা হলো।

(২) মির্জা মৌসুমী সরকার, সহকারী কমিশনার এর পূর্ব কর্ম অভিজ্ঞতা সহায়ক শক্তি হিসাবে কাজে লাগানোর জন্য মতিঝিল বিভাগীয় কর্মকর্তাকে বলা হলো।

০৪। এ আদেশের কার্যকারিতা আগামী ৩০.০৬.২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

০৫। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

প্রাপক: বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট,
মতিঝিল/লালবাগ বিভাগীয় দপ্তর।

স্বাঃ


[তাসমিনা হোসেন]
কমিশনার (চলতি দায়িত্ব)

তারিখ: ০২/০৫/১৬

পত্র নং-২(৭)-১-জনপ্রশা:/সদর/১/২০১৬/ ০৫৬/১-২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ২। যুগ্ম কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৪। উপ/সহকারী কমিশনার (প্রশাসন/নিরীক্ষা/গোয়েন্দা), কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ৫। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট.....বিভাগীয় দপ্তর।
- ৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা(তৌকে ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট.....বিভাগীয় কর্মকর্তা/সার্কেল।
- ৮। ব্যক্তিগত সহকারী, কমিশনার। কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। গার্ড ফাইল।


[শেগুফতা মাহজাবীন]
সহকারী কমিশনার (প্রশাসন)